
দৈনিক বাংলা

তারিখ 29/3/79
পৃষ্ঠা 7 কলাম 5

I22



# আজ ইব্রাহিম খাঁর মৃত্যুবার্ষিকী

বাসস জানায়, আজ (বৃহস্পতিবার) বিশিষ্ট শিক্ষাবিদ ও সাহিত্যিক প্রিন্সিপাল ইব্রাহিম খাঁর প্রথম মৃত্যুবার্ষিকী পালিত হইবে। এই উপলক্ষে বিভিন্ন শিক্ষা ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের পক্ষ হইতে কর্মসূচী গ্রহণ করা হইয়াছে। অন্যান্যের মধ্যে ভুয়াপুর ইব্রাহিম খাঁ একাডেমী, ইব্রাহিম খাঁ কলেজ, করটিয়া সা'দাত বিশ্ববিদ্যালয় কলেজ, মির্জাপুর শিশু একাডেমী, কায়কোবাদ সাহিত্য মজলিশ, ঢাকা ও টাঙ্গাইল মহফিল যথারীতি এই দিবসটি পালন করিবে। প্রিন্সিপাল ইব্রাহিম খাঁ স্মৃতি সংসদের উদ্যোগে আগামীকাল (শুক্রবার) বিকাল ৪টায় মরহুমের বাসভবনে একটি স্মৃতি সভা অনুষ্ঠিত হইবে। সভায় সভাপতিত্ব করিবেন অধ্যক্ষ দেওয়ান মোহাম্মদ আজরফ।

গতকাল (বুধবার) রেডিও বাংলাদেশের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয় যে, প্রিন্সিপাল ইব্রাহীম খাঁর মৃত্যুবার্ষিকী উপলক্ষে আজ (বৃহস্পতিবার) অপরাহ্ন ২-৫০ মিনিটে "সাহিত্য ও সমাজ সেবায় ইব্রাহীম খাঁ" শীর্ষক একটি কথিকা রেডিও বাংলাদেশ ঢাকা কেন্দ্র হইতে প্রচারিত হইবে।